বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বা/এ, ঢাকা।
www.krishibank.org.bd

পর্ষদ সচিবালয় বিভাগ
ফোনঃ ০২২২৩৩৮৮০৮২
e-mail:dgmboard@krishibank.org.bd

পরিপত্র নং-পসবি-০১/২০২৩

তারিখঃ ১২-০২-২০২৩ খ্রিষ্টাব্দ / ২৯-১০-১৪২৯ বঙ্গাব্দ ।

**বিষয়ঃ বাংলাদেশ কৃষি ব্যাংকের শাখা ব্যবস্থাপকসহ বিভিন্ন স্তরের কর্মকর্তাদের বিদ্যমান আপ্যায়ন খরচসীমা বৃদ্ধিকরণ প্রসঙ্গে।**

শিরোনামে বর্ণিত বিষয়ে ইতিপূর্বে পর্ষদ সচিবালয় বিভাগ হতে জারীকৃত পরিপত্র নং-পসবি-০১/২০১৩ তারিখ ০৫-০৮-২০১৩ এবং পরিপত্র নং-পসবি-০১/২০১৫ তারিখ ৩০-০৪-২০১৫ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। বাংলাদেশ কৃষি ব্যাংকের শাখা পর্যায়ে আমানত সংগ্রহ, ঋণ বিতরণ/আদায় ও রেমিট্যান্স আহরণ বৃদ্ধির জন্য সম্মানিত গ্রাহকদের সাথে নিবিড় যোগাযোগ অব্যাহত রাখাসহ ব্যাংকের ব্যবসায়িক কার্যক্রমের গতিশীলতা বৃদ্ধি, নতুন উদ্যোক্তা সৃষ্টি, সম্মানিত গ্রাহকবৃন্দকে মানসম্মত সেবা প্রদান, ব্যাংকার ও গ্রাহক সম্পর্ক উন্নয়ন এবং প্রতিযোগিতামূলক ব্যাংকিং ব্যবস্থায় ব্যাংকের উত্তরোত্তর ব্যবসা উন্নয়ন ও প্রসারের লক্ষ্যে শাখা ব্যবস্থাপকসহ বিভিন্ন স্তরের কর্মকর্তাদের আপ্যায়ন খরচসীমা বৃদ্ধির প্রস্তাব বিগত ০৮-০২-২০২৩ তারিখে অনুষ্ঠিত পরিচালনা পর্ষদের ৮২৫তম সভায় নিম্নবর্ণিতভাবে অনুমোদিত হয়।

| ক্রঃ নং | ক্ষমতার বিবরণ | ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা | বর্তমান খরচসীমা | পর্ষদ কর্তৃক অনুমোদিত খরচসীমা |
|---|---|---|---|---|
| ৩৯। | (ক) আপ্যায়ন খরচ | সকল উপব্যবস্থাপনা পরিচালক | প্রকৃত খরচ; | প্রকৃত খরচ; |
| | | সকল মহাব্যবস্থাপক | প্রকৃত খরচ; | প্রকৃত খরচ; |
| | | সকল উপমহাব্যবস্থাপক (উপমহাব্যবস্থাপক, এলপিও/ মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/ উপমহাব্যবস্থাপক, কর্পোরেট শাখা ব্যতীত) | মাসিক ২.০০ হাজার টাকা; | মাসিক ৩.৫০ হাজার টাকা; |
| | | উপমহাব্যবস্থাপক কর্পোরেট শাখা | মাসিক ২.০০ হাজার টাকা; | মাসিক ৪.০০ হাজার টাকা; |
| | | উপমহাব্যবস্থাপক (সাধারণ ব্যাংকিং/ঋণ/বৈদেশিক বাণিজ্য শাখা প্রধান), এলপিও | সাধারণ ব্যাংকিং শাখা- মাসিক ২.৫০ হাজার টাকা;<br>বৈদেশিক বাণিজ্য শাখা- মাসিক ২.৫০ হাজার টাকা; | সাধারণ ব্যাংকিং শাখা- মাসিক ৫.০০ হাজার টাকা;<br>ঋণ শাখা- মাসিক ৫.০০ হাজার টাকা;<br>বৈদেশিক বাণিজ্য শাখা- মাসিক ৫.০০ হাজার টাকা; |
| | | মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক | মাসিক ২.০০ হাজার টাকা; | মাসিক ৩.৫০ হাজার টাকা; |
| | | আঞ্চলিক ব্যবস্থাপক | মাসিক ১.০০ হাজার টাকা; | মাসিক ২.৫০ হাজার টাকা; |
| | | আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা | মাসিক ১.০০ হাজার টাকা; | মাসিক ১.৫০ হাজার টাকা; |
| | | সকল এজিএম (শাখা ব্যবস্থাপক/আঞ্চলিক ব্যবস্থাপক ব্যতীত) | মাসিক ১.০০ হাজার টাকা; | মাসিক ১.৫০ হাজার টাকা; |
| | | শাখা ব্যবস্থাপক | জেলা/শহর পর্যায়ের শাখা- মাসিক ১.০০ হাজার টাকা; | জেলা/শহর পর্যায়ের শাখা- মাসিক ৩.০০ হাজার টাকা; |
| | | | থানা পর্যায়ের শাখা- মাসিক ৭০০/- টাকা;<br>এজিএম পদমর্যাদার শাখা হলে- মাসিক ১০০০/- টাকা; | থানা পর্যায়ের শাখা- মাসিক ২.৫০ হাজার টাকা;<br>এজিএম পদমর্যাদার হলে-মাসিক ৩.০০ হাজার টাকা; |
| | | | অন্যান্য (ইউনিয়ন/গ্রাম) পর্যায়ের শাখা- মাসিক ৫০০/- টাকা;<br>এজিএম পদমর্যাদার শাখা হলে- মাসিক ১০০০/- টাকা; | অন্যান্য (ইউনিয়ন/গ্রাম) পর্যায়ের শাখা- মাসিক ২.০০ হাজার টাকা;<br>এজিএম পদমর্যাদার হলে-মাসিক ৩.০০ হাজার টাকা; |
| | | | বি.দ্র.ঃ ব্যাংকের সম্মানিত দর্শনার্থী, সম্ভাব্য মূল্যবান গ্রাহকদের আপ্যায়ন ও ব্যবসা উন্নয়ন খাতে উপরোক্ত কর্মকর্তাগণ বর্ণিত সীমা অনুযায়ী ব্যয় ও মঞ্জুর করিতে পারিবেন, যাহা উপস্থাপিত বিলের বিপরীতে পুনর্ভরণ করিতে হইবে; | বি.দ্র.ঃ ব্যাংকের সম্মানিত দর্শনার্থী, সম্ভাব্য মূল্যবান গ্রাহকদের আপ্যায়ন ও ব্যবসা উন্নয়ন খাতে উপরোক্ত কর্মকর্তাগণ বর্ণিত সীমা অনুযায়ী ব্যয় ও মঞ্জুর করিতে পারিবেন, যাহা উপস্থাপিত বিলের বিপরীতে পুনর্ভরণ করিতে হইবে; |

চলমান পাতা-০২

০৩। উল্লেখ্য, পর্ষদ সচিবালয় বিভাগ হতে ইতিপূর্বে জারীকৃত পরিপত্র নং-পসবি-০১/২০১৩ তারিখ ০৫-০৮-২০১৩ এবং পরিপত্র নং-পসবি-০১/২০১৫ তারিখ ৩০-০৪-২০১৫ এর ক্রমিক নং-৩৯(ক) এ বর্ণিত ব্যবসা উন্নয়ন সংক্রান্ত **আপ্যায়ন খরচ** খাতে প্রদত্ত নির্দেশনা সংশোধিত বলে গণ্য হবে।

০৪। এই আদেশটি ০১-০২-২০২৩ তারিখ হতে কার্যকর হবে।

০৫। বর্ণিত নির্দেশাবলি যথাযথভাবে পরিপালনের জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ প্রদান করা হলো।

অনুমোদনক্রমে-

১২/০২/২০২৩

(কাজী মোহাম্মদ নজরে মঈন)
সচিব

নং-পসবিঃ ১০৩/২০২২-২০২৩/২০০ তারিখঃ ১২-০২-২০২৩

বিতরণঃ

১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৪। স্টাফ অফিসার, অধ্যক্ষ মহোদয়ের দপ্তর, বিকেবি স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
৫। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রকা, ঢাকা। (পরিপত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েবসাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আইসিটি সিস্টেমস্, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগকে অনুরোধ করা হলো।)
৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৭। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক/উপমহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়/কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৮। সকল আঞ্চলিক ব্যবস্থাপক/আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৯। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক।
১০। নথি/মহানথি।

12.02.2023
(মোহাম্মদ আবুবকর সিদ্দিক)
উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা